



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।  
এভিয়েশন সিকিউরিটি বিভাগ  
www.caab.gov.bd



জরুরি  
সীমিত

নম্বর: ৩০.৩১.০০০০.১৫১.২২.০০২.১৯.৯৪৯

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৯

১৩ সেপ্টেম্বর ২০২২

### পরিপত্র

বিষয়: Crew Member Airport Pass (CMAP) বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের Airport Permit Policy 2008 হালনাগাদ করত Airport Pass Policy 2020 প্রনয়ণ করা হয়েছে। হালনাগাদকৃত পলিসিতে দেশীয় বিমান সংস্থাসমূহের Flight Crew এবং Cabin Crew-গনের Crew Member Airport Pass এর বিধান রাখা হয়েছে।

২। সংশ্লিষ্ট সংস্থা প্রধানের চাহিদার ভিত্তিতে CMAP প্রাপ্তির জন্য যথাযথ প্রক্রিয়ায় AvSecID নামক অনলাইন আবেদন পোর্টালে দাখিল করতে হবে। CMAP'র মেয়াদ সর্বোচ্চ ২ (দুই) বছর যা অনুমোদনের পর বেবিচক সদরদপ্তরস্থ এভসেক বিভাগ হতে সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, CMAP প্রাপ্তির জন্য কর্তৃপক্ষের নির্ধারিত ফর্মে নিয়োগকারী কর্তৃক Background Check এবং বাংলাদেশ পুলিশের স্পেশাল ব্রাঞ্চ কর্তৃক Police Verification সম্পন্ন শেষে সন্তোষজনক প্রতিবেদনের পর CMAP অনুমোদন করা হবে।

৩। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে আপনার এয়ারলাইন্স/সংস্থার অধীনে কর্মরত Flight Crew এবং Cabin Crew গনের কর্তৃপক্ষের নির্ধারিত ফর্মে নিয়োগকারী কর্তৃক Background Check সম্পন্ন করতঃ পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করার নিমিত্ত ট্রেজারী চালান সংযুক্ত ফরম এবং Flight Crew এবং Cabin Crew গনের তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ Background Check ফরম।

১৮-১০-২০২২

আবু সালেহ মাহমুদ মান্নাফী

সদস্য (নিরাপত্তা)

ফোন: ৮৮-০২-৮৯০১২৩১

বিতরণ:

- ১) ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড
- ২) নির্বাহী পরিচালক (হশাআবি), নির্বাহী পরিচালক (হশাআবি) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ [বিমানবন্দরের কর্মরত সংশ্লিষ্ট সংস্থাসমূহকে অবগত করণের অনুরোধসহ]
- ৩) পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ [বেবিচ কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৪) ম্যানেজিং ডাইরেক্টর, নভোএয়ার লিমিটেড, হাউজ নম্বর-৫০, রোড-১১, ব্লক-এফ, বনানী, ঢাকা।

- ৫) ম্যানেজিং ডাইরেক্টর, ইউএসবাংলা এয়ারলাইন্স লিমিটেড।
- ৬) সকল দেশীয় হেলিকপ্টার সার্ভিস সংস্থা, , হশাআবি, ঢাকা।